

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৩৭

আগরতলা, ২৯ জুলাই, ২০২৪

আগরতলা পুরনিগম এলাকার সাফাই মিত্রদের নিয়ে স্বাস্থ্য শিবির
সাফাই মিত্রদের স্বাস্থ্য কার্ড দেওয়া হবে : মেয়র

শহরকে পরিষ্কার পরিচ্ছন্ন করার কাজে যুক্ত থাকা সাফাই মিত্রদের স্বাস্থ্য কার্ড দেওয়া হবে। সাফাই মিত্ররা যাতে চিকিৎসা পরিষেবার সুযোগ পেতে পারেন সে লক্ষ্যে এই কার্ড দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ আগরতলা টাউনহলে আয়োজিত আগরতলা পুরনিগম এলাকার সাফাই মিত্রদের নিয়ে এক স্বাস্থ্য শিবিরের সূচনা করে আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার এই তথ্য জানান। তিনি শহরকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার কাজে সাফাই কর্মীরা যে ভূমিকা নিচ্ছেন তার প্রশংসা করে বলেন, প্রাকৃতিক দুর্ঘাগের মধ্যেও এই অংশের কর্মীরা তাদের পরিষেবা অব্যাহত রাখায় শহরবাসী স্বাচ্ছন্দ্যে থাকতে পারেন। তারা নিজেদের কাজটা ভালোভাবে করতে পারেন বলেই সমাজের অন্যান্য অংশের মানুষও স্বাস্থ্যসম্মত পরিবেশে বসবাস করতে পারছেন। যারা অন্যদের ভালো রাখছেন তারা যাতে নিজেরা ভালো থাকেন সে লক্ষ্যেই এই স্বাস্থ্য কার্ড দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, কমিশনার ডা. শৈলেশ কুমার যাদব, মেস্বার-ইন-কাউন্সিলের সদস্য উদয় ভাস্কর চক্ৰবৰ্তী। প্রত্যেকেই তাদের বক্তব্যে শহরকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সাফাই মিত্রদের কাজের ভূয়সী প্রশংসা করেন। কমিশনার ডা. শৈলেশ কুমার যাদব তার ভাষণে সাফাই মিত্রদের কাজের পরিবেশ আরও কীভাবে উন্নত এবং তাদের অবস্থার উন্নয়নের লক্ষ্যে আরও কী কী পদক্ষেপ নেওয়া যায় সে সম্পর্কে পরিকল্পনার কথা তুলে ধরেন।
